

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

শিক্ষা মিয়ে গড়ুব দেশ  
শেখ হাসিনার  
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৮৭.০১.০০৫.২০.১০

তারিখ: ৫ আবণ ১৪২৭

২০ জুলাই ২০২০

বিষয়: রিট পিটিশন নং-১৪৮৬/২০২০ মামলায় রিট পিটিশনার কর্তৃক ডিজি মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
এর নিকট দাখিলকৃত গত ০৮.০১.২০ তারিখের আবেদনটি যথাসময়ে বিধিমত নিষ্পত্তি না করার  
কারণ ব্যাখ্যাসহ উক্ত রিট মামলায় সরকার পক্ষের জবাব (Affidavit in opposition) দাখিল  
এবং এ সংক্রান্তে প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৯.০২.২০২০ খ্রি।।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনানো যাচ্ছে  
যে, জনাব কারী মো: আবদুল জলিল, পিতা: মৃত রঞ্জি মিয়া, মাতা: মৃত অজিফা খাতুন, গ্রাম: ইটবাড়িয়া, ডাক: ছাতারপাইয়া, উপজেলা: সেনবাগ, জেলা: নোয়াখালী বর্তমানে শিক্ষক, ইবতেদায়ী কারী, ছাতারপাইয়া ইসলামিয়া  
কারামাতিয়া দাখিল মাদরাসা, পোস্ট: ছাতারপাইয়া, উপজেলা: সেনবাগ, জেলা: নোয়াখালী কর্তৃক মহামান্য  
হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৪৮৬/২০২০ মামলা দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট পিটিশনার কর্তৃক ডিজি মাদরাসা  
শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিলকৃত (নভেম্বর-২০০৪ থেকে জুলাই-২০১৯ পর্যন্ত বকেয়া বেতন-ভাত্তার দাবীতে)  
আবেদনের বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ না করায় সংক্ষুক্ত হয়ে এবং উক্ত সময়ের বেতন-ভাত্তার সরকারী অংশের  
অর্থ দাবী করে মহামান্য আদালতে রিট পিটিশন নং-১৪৮৬/২০২০ মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপন্ডেন্ট; সচিব কারিগরি ও মান্দ্রাসা  
শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ২ নং রেসপন্ডেন্টসহ মোট ১০ (দশ) জগকে রেসপন্ডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটি সরকারী স্বার্থ সংশ্লিষ্ট বিধায় জরুরীভূতিতে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

০৫. উল্লেখ্য যে, রিট আবেদনকারী কারী আবদুল জলিল কর্তৃক ০৮.০১.২০২০ খ্রি: তারিখে মহাপরিচালক,  
মান্দ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করা হয়েছিল। কিন্তু সে আবেদনের বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ না করার  
প্রেক্ষিতে রিট পিটিশন নং-১৪৮৬/২০২০ মামলাটির উক্তি হয়েছে।

০৬. প্রায় ১৮ মাস পূর্বে ডিজি, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর রিট পিটিশনার কর্তৃক দাখিলকৃত আবেদনটি  
যথাসময়ে বিধিমত নিষ্পত্তি না করার কারণ যেমন জানা প্রয়োজন তেমনিভাবে এক্ষেপ আর কোম আবেদন  
অনিষ্পত্ত আছে কিনা তা ও জানা প্রয়োজন।

০৭. সেসাথে মামলাটিতে সরকার পক্ষের স্বার্থ নিশ্চিতকরণের নিমিত্ত উক্ত মামলায় কী কী পদক্ষেপ গ্রহণ করা  
হয়েছে, রুল নিশি জারীর প্রেক্ষিতে কোন জবাব (Affidavit in opposition) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে  
কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী সেসকল বিষয়ে হাল নাগদ তথ্য প্রয়োজন।

০৮. এমতাবস্থায় উপরিউক্ত মামলার প্রয়োজনে নিম্নবর্ণিত তথ্য কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ নির্দিষ্ট  
করা প্রয়োজন-

ক. প্রায় ১৮ মাস অতিক্রান্ত হওয়া সত্ত্বেও রিট পিটিশনার কর্তৃক মহোদয় বরাবর দাখিলকৃত ০৮.০১.২০ খ্রি:  
তারিখের আবেদনটি বিধিমতে নিষ্পত্তি হয়েছে কিনা?

খ.নিষ্পত্তি না হয়ে থাকলে অতিদ্রুত বিধিমতে নিষ্পত্তিক্রমে দেরীর কারণ ব্যাখ্যাসহ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য এ বিভাগে প্রেরণ।

গ.একপ আরো আবেদন অনিষ্পত্তি অবস্থায় আছে কিনা এ বিষয়ে এ বিভাগে তথ্য প্রেরণ।

ঘ. রিট পিটিশন নং-১৪৮৬/২০২০ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা এ বিষয়ে তথ্য প্রেরণ।

ঙ. উপরিউক্ত মতে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ১১.০৮.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-৭-২০২০

ড. মো: মহাতোব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৮৭.০১.০০৫.২০.১০/১(৭)

তারিখ: ৫ শ্রাবণ ১৪২৭  
২০ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর  
সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয়  
উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

✓ ৪) সিসটেম এ্যানলিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,  
ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা  
বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,  
শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২০-৭-২০২০

ড. মো: মহাতোব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)